

পরীক্ষায় যারা ভালো করবেন তারাই প্রতিষ্ঠান প্রধান হবেন --এনটিআরসিএ চেয়ারম্যান

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) চেয়ারম্যান মো. আমিনুল ইসলাম বলেছেন, এখন থেকে আর কোনো তদবিরের কাজ হবে না। মেধার ভিত্তিতেই প্রতিষ্ঠানপ্রধান নিয়োগ দেওয়া হবে। পরীক্ষায় যারা ভালো করবেন তারাই প্রতিষ্ঠানপ্রধান হবেন। মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগের সুযোগ তৈরি হওয়ায় এখন প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীরাও ভবিষ্যতে প্রতিষ্ঠানপ্রধান হওয়ার স্বপ্ন দেখতে পারছে।

গতকাল মঙ্গলবার এনটিআরসিএর সম্মেলন কক্ষে প্রতিষ্ঠানপ্রধান নিয়োগে আগামী ১৮ এপ্রিল অনুষ্ঠিতব্য পরীক্ষাকে সামনে রেখে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। এনটিআরসিএ চেয়ারম্যান বলেন, এনটিআরসিএ দেশে শিক্ষকসংকট দ্রুত কমাতে বছরে দুই বার করে শিক্ষক ও প্রতিষ্ঠানপ্রধান নিয়োগের পরিকল্পনা নিয়েছে। সংস্থাটি জানিয়েছে, নির্ধারিত সময়সূচি অনুযায়ী প্রতি ছয় মাসে একটি করে নিয়োগ চক্র সম্পন্ন করা হবে, যাতে কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে দীর্ঘদিন পদ শূন্য না থাকে এবং নিয়োগ প্রক্রিয়ায় গতিশীলতা আসে।

এনটিআরসিএ চেয়ারম্যান বলেন, শিক্ষকদের নিয়ে দেশে অনেক আলোচনা থাকলেও তাদের যথাযথ মূল্যায়ন সব সময় সম্ভব হয়নি। তবে প্রশাসনিক প্রধান বা সহকারী প্রধান হওয়ার পথ সহজ করে দেওয়া রাষ্ট্রের দায়িত্বের অংশ। এই উদ্যোগের মাধ্যমে শিক্ষক সমাজকে তদবির, স্বজনপ্রীতি ও অর্থনির্ভর নিয়োগপ্রক্রিয়ার বাইরে এনে মেধাভিত্তিক ব্যবস্থায় ফিরিয়ে আনার চেষ্টা চলছে। তিনি আরো বলেন, অতীতে অনেকেই ধারণা করতেন সুপারিশ বা অর্থ ছাড়া চাকরি পাওয়া সম্ভব নয়। কিন্তু এখন এনটিআরসিএ সেই ধারণা ভেঙে দিয়েছে।